



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৬ জুলাই ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে ইউপিডিএফের ১ম পার্টিকর্মী সন্তান সম্মেলন

“সমাজ ও জাতির সম্মান-মর্যাদা বৃদ্ধিতে প্রতিটি শিশুকে হতে হবে যোগ্য” এই শ্লোগানকে সামনে রেখে খাগড়াছড়িতে গতকাল ২৫ জুলাই শুক্রবার দিনব্যাপী ইউপিডিএফ এর ‘১ম পার্টিকর্মী সন্তান সম্মেলন’ অনুষ্ঠিত হয়েছে।

খাগড়াছড়ি সদরের নারানহিয়াস্থ সাংস্কৃতিক ইসটিটিউটের অডিটোরিয়ামে শুক্রবার সকাল সাড়ে ১০টায় অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে শহীদদের স্মরণে ১ মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে সম্মেলন শুরু হয়। দুই পর্বে অনুষ্ঠিত সম্মেলনে সভাপতিত্ব করেন খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা। সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইউপিডিএফ’র কেন্দ্রীয় সম্পাদক মন্ডলীর সদস্য সচিব চাকমা ও পরিচালনা করেন ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা।

সম্মেলনে প্রারম্ভিক বক্তব্য রাখেন ইউপিডিএফের কেন্দ্রীয় সদস্য দেবদত্ত ত্রিপুরা। এছাড়া সম্মেলনে পার্টি কর্মীর সন্তানদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন পোয়া পাড়া মডেল উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্র কলিন চাকমা, রাজস্থলী তাইতং সরকারী উচ্চ বিদ্যালয়ের জয়া তঞ্চঙ্গ্যা, এটিআই ২য় বর্ষের ছাত্র হিল্টন চাকমা, ইডেন মহিলা কলেজের একাউন্টিংয়ের ৩য় বর্ষের ছাত্রী শ্রাবন্তী চাকমা।

প্রধান অতিথির বক্তব্যে ইউপিডিএফ নেতা সচিব চাকমা পার্টি কর্মী সন্তানদের উদ্দেশ্যে বলেন, শুধুমাত্র প্রচলিত শিক্ষায় শিক্ষিত হলে হবে না। শিক্ষার পাশাপাশি রাজনৈতিকভাবে সচেতন হতে হবে। পার্টি কর্মীর সন্তানদেরকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে সমাজ পরিবর্তনের লড়াইয়ে এগিয়ে আসতে হবে। মনে রাখতে হবে যে শিক্ষা সমাজ-জাতি রক্ষায় কাজে লাগে না সে শিক্ষার কোন মূল্য নেই।

তিনি কর্মী সন্তানদের উদ্দেশ্যে আরো বলেন, তোমরা সকলে এক একজন পার্টি কর্মীর সন্তান। আগামী দিনের পূর্ণস্বায়ত্তশাসনের লড়াইয়ের কাড়ারী হিসেবে তোমাদেরকেই গড়ে উঠতে হবে। সমাজে আমূল পরিবর্তন সাধনের লক্ষ্যে ইউপিডিএফের আদর্শকে ধারণ করেই তোমাদেরকে এগিয়ে যেতে হবে।

তিনি বলেন, গতানুগতিক চিন্তাধারা থেকে নতুন প্রজন্মকে বের হয়ে আসতে হবে। না হলে জাতিকে মুক্ত করা সম্ভব হবে না। তিনি ভূমি ও জাতীয় অস্তিত্ব রক্ষার লড়াইয়ে এগিয়ে আসার জন্য সমবেত পার্টি কর্মী সন্তানদের প্রতি আহ্বান জানান।

এরপর সম্মেলনের দ্বিতীয় পর্বে পার্টিকর্মী সন্তানদের নিয়ে তিন লেভেলে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে পার্বত্য চট্টগ্রামসহ দেশ-বিদেশের বিভিন্ন বিষয়ে প্রশ্ন করা হয়। কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের ইউপিডিএফের কেন্দ্রীয় নেতৃবৃন্দ পুরস্কার বিতরণ করেন এবং অংশগ্রহণকারী সকলকে সন্তান পুরস্কার হিসাবে ১টি করে কলম দেয়া হয়।

অনুষ্ঠান শেষে শিশু বিষয়ক ও শিক্ষণীয় ডকুমেন্টারী ফিল্ম প্রদর্শন করা হয়।

সম্মেলনে খাগড়াছড়ি ও রাঙামাটির বিভিন্ন উপজেলা থেকে ৪র্থ শ্রেণী থেকে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরতসহ প্রায় দুইশতাধিক পার্টি কর্মীর সন্তান অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ  
ইউপিডিএফ।